



ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY
সদর দপ্তর, বাংলাবাজার, ভোলা।

মোবাইল : ০১৭৬৯৪০০০১৪
E-mail: bhonbs@gmail.com

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০৭.০২৩.২৪. ২৫৪০

তারিখ: ০৩/০৬/২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয় : মিনি ঠিকাদার হিসাবে বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের পূর্বযোগ্যতা নবায়নের বিজ্ঞপ্তি।

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি-এর অধীনে ২০২৪-২৫ অর্থ বৎসরের ১০০-৪১/৪২ এর আওতায় স্বল্প দৈর্ঘ্য বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের পূর্বযোগ্যতা নবায়নের জন্য অত্র সমিতির মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহবান করা যাইতেছে।

শর্তাবলী :

- ০১। ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশ শাখা হইতে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা প্রদান করিয়া নির্ধারিত নবায়ন ফরম সংগ্রহ করিতে হইবে;
- ০২। বৈদ্যুতিক লাইন নির্মাণের ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী স্ট্যাটমেন্ট, চলতি আয়কর সনদ এবং মূল্য সংযোজন কর এর রেজিস্ট্রেশন সত্যায়িত ফটোকপি ১ সেট আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। মূল কপি আবেদন পত্র যাচাই ও বাছাই এর দিন সঙ্গে আনিতে হইবে;
- ০৩। লাইন নির্মাণ কাজে ব্যবহৃত মজুদ টুলস-এর বিবরণ আবেদন পত্রের সহিত জমা প্রদান করিতে হইবে;
- ০৪। বর্তমানে আপনাদের প্রতিষ্ঠান যে কয়টি পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত আছে তাহার একটি তালিকা আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে;
- ০৫। বৈদ্যুতিক লাইন নির্মাণ এবিসি লাইসেন্স, সুপারভাইজারী লাইসেন্স এবং বাপবিবোর্ডের প্রশিক্ষণে উত্তীর্ণ সুপারভাইজার ও লাইনম্যানদের সার্টিফিকেট এর ফটোকপি আবেদন পত্রের সহিত জমা দিতে হইবে। মূল কপি আবেদন পত্র যাচাই এবং বাছাই এর দিন সঙ্গে আনিতে হইবে ;
- ০৬। আবেদনপত্র আগামী ০৯/০৬/২০২৪ খ্রি. হইতে ২৫/০৬/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে;
- ০৭। আবেদন পত্র আগামী ২৬/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অত্র সমিতির সদর দপ্তরে জমা করিতে হইবে;
- ০৮। নির্ধারিত তারিখের পর আবেদন পত্র বিক্রয়/গ্রহণ করা হইবে না;
- ০৯। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজে তালিকা ভুক্তি নবায়নের জন্য বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার এবং লাইনম্যান লাইন টুলস ও ব্যক্তিগত টুলস সহ আগামী ২৭/০৬/২০২৪ খ্রি. তারিখ সকাল ১০.০০ টার সময় উপস্থিত থাকিতে হইবে।
- ১০। আবেদনের সঙ্গে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নবায়ন ফি অফেরৎযোগ্য ২০০০/- (দুই হাজার টাকা) মাত্র অত্র সমিতির অনুকূলে জমা প্রদান করিতে হইবে;
- ১১। অসম্পূর্ণ/ঘষামাজা আবেদন পত্র গ্রহণযোগ্য হইবে না;
- ১২। কোনরূপ কারণ না দর্শাইয়া যে কোন /সকল আবেদনপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন পরিস্থিতির সৃষ্টি হলে পবিস ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার অঃ দাঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
- ২। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ভোলা।
- ৩। ডিজিএম (কারিগরী/পরানগঞ্জ/লালমোহন/চরফ্যাশন) জোনাল অফিস, ভোলা পবিস।
- ৪। সহকারী জেনারেল ম্যানেজার (অর্থ/প্রশাসন), ভোলা পবিস।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। মেসার্স.....
- ৭। অফিস কপি/মাষ্টার কপি।

(জিয়াউর রহমান)
এজিএম ইএন্ডসি